গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১০৫

# শিশু ও নারীর প্রতি নৃশংসতা বন্ধে অল্পবয়সী মেয়েদের বিবাহ বন্ধ করতে হবে
# - মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব

রাজশাহী; ২৫ আশ্বিন (১০ অক্টোবর):

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মমতাজ আহমেদ বলেন, আমার মন্ত্রণালয়ের সবচেয়ে বড় দুটো কাজ হল –বাল্যবিবাহ বন্ধ করা বা এটা যাতে না হয় সেই পরিবেশ তৈরি করা এবং নারী ও শিশুর প্রতি যেকোন ধরনের সহিংসতা বন্ধ করা। অল্পবয়সে মেয়েদের বিয়ে না দেয়ার ব্যাপারে সচেতনতা তৈরি করতে পারলে একই সাথে শিশু এবং নারীর প্রতি যে বৈরী আচরণ ও নৃশংসতার খবর আমরা পেয়ে থাকি এগুলো বন্ধ হয়ে যাবে।

আজ শুক্রবার (১০ অক্টোবর) সকালে রাজশাহী জেলার মোহনপুর উপজেলা তথ্যকেন্দ্রের তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) কর্তৃক আয়োজিত বিশেষ উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আমাদের মেয়েরা যখন পর্বত শৃঙ্গে আরোহণ করে বা অলিম্পিকে সোনা জিতে আমাদের তখন গর্ব  হয়। এই সকল খবর যখন পত্রিকায় আসে তখন আমাদের খুব ভালো লাগে কারণ মেয়েরা ভালো করছে। এ কারণে বাল্যবিবাহের বিরুদ্ধে সোচ্চার হয়ে মেয়েদের শিক্ষার যথাযথ পরিবেশ নিশ্চিত করতে হবে।

নারীদের প্রসবকালীন সেবা নিশ্চিত করার ব্যাপারে সিনিয়র সচিব বলেন, সবাই এখন আগের দিনের মতো ধাত্রীবিদ্যা ভালো জানেন না, কিন্তু পয়সা বেশি খরচ হবে বা পর্দা নষ্ট হবে এসব অজুহাত দিয়ে এখনো অনেকেই বাসায় প্রসব করান যার সংখ্যা নিতান্তই কম নয়। আপনারা এগুলো থেকে বিরত থাকবেন। এখনকার দিনে যারা ঘরে বসে বাচ্চার মা হন অনেক ক্ষেত্রেই দেখা যায় বাচ্চা এবং মায়ের জীবন নিয়ে শঙ্কা দেখা দেয়। প্রসবকালীন যেকোনো স্বাস্থ্যঝুঁকি এড়ানোর জন্য হাসপাতালে যাওয়ার পরামর্শ দেন তিনি।

এ সময় তিনি বৈঠকে অংশগ্রহণকারীদের কাছ থেকে তাদের অংশগ্রহণের অভিজ্ঞতা এবং তথ্য আপা প্রকল্পের ব্যাপারে তাদের অভিমত জানতে চান।

মোহনপুর উপজেলা উপজেলা নির্বাহী অফিসার জোবায়দা সুলতানার সভাপতিত্বে বৈঠকে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক শাহানা সারমিন, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর পরিচালক শাহনাজ বেগম নীনা, উপ-প্রকল্প পরিচালক এস এম নাজিমুল ইসলাম এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মোছাম্মৎ হাসিনা আক্তার।

উঠান বৈঠক শেষে সিনিয়র সচিব মমতাজ আহমেদ একই উপজেলাধীন বাকশিমইল মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কিশোর-কিশোরী ক্লাব পরিদর্শন ও মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

সভায় প্রধান অতিথির বক্তব্যে মমতাজ আহমেদ বলেন, একটা ছেলে যদি ছোটবেলায় এ শিক্ষা লাভ করে যে নারীর সাথে খারাপ আচরণ করা খুবই গর্হিত কাজ, ছেলেটি যখন বড় হবে সে নিশ্চয়ই এমন কোন আচরণ করবে না। এ লক্ষ্যেই এই ক্লাব গঠন করা হয়েছে এবং একই সাথে এখানে কিছু সুকুমারবৃত্তি, যেমন-কবিতা আবৃত্তি, সংগীত চর্চা, প্রতিরক্ষা হিসেবে কারাতে প্রশিক্ষণ এর ব্যবস্থা রাখা হয়েছে যাতে তারা পাঠ্যক্রমের বাইরেও অন্যান্য কার্যকলাপে অংশগ্রহণ করতে পারে।

এ সময় তিনি মাদকের অপব্যবহারের ভয়াবহ দিক তুলে ধরে অভিভাবক ও শিক্ষক-শিক্ষার্থীদের এখন থেকেই সচেতন হওয়ার পরামর্শ দেন এবং একইসাথে পড়াশোনার পাশাপাশি সুস্থ ও সচেতন নাগরিক হিসেবে নিজেদের গড়ে তোলার জন্য কিশোর-কিশোরীদের প্রতি আহ্বান জানান।

পরিদর্শনকালে অন্যান্যের মধ্যে মোহনপুর উপজেলা নির্বাহী অফিসার জোবায়দা সুলতানা, জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক শাহানা সারমিন, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তাসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা উপস্থিত ছিলেন।

---

আতিক/শারমিন/২০২৫/১৭:৩০ঘ.